তারুণ্য বার্তা

ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ-এর একটি অনলাইন বার্তাপত্র

স্যাপ প্রতিযোগিতার সেরা দশে নূরে ফজিলাতুন নেসার ‘ব্যালকনি’

ব্রিটিশ কাউন্সিল আয়োজিত Active Citizens Covid-19 Response: Social Action Innovation Ideas’ competition এ অংশ নিয়ে ইয়ুথ এন্ডিং হাঙ্গারের সিনিয়র ইয়ুথ লিডার এবং অ্যাকটিভ সিটিজেনস ইয়ুথ লিডার নূরে ফজিলাতুন নেসা লাবনীর নেতৃত্বে পরিচালিত সোশ্যাল অ্যাকশন প্রজেক্ট ‘ব্যালকনি’ প্রথম বাছাইয়ে সেরা দশে উত্তীর্ণ হয়েছে। দ্বিতীয় ধাপের প্রতিযোগিতায় বিজয়ী হওয়ার বিষয়টি নির্ভর করছে ফেসবুকে প্রদত্ত লাইকের উপর। ব্রিটিশ কাউন্সিলের ফেসবুক পেইজের পোস্টে (https://www.facebook.com/BritishCouncilBangladesh) লাইক দেওয়ার মাধ্যমে ভোট দেওয়া যাবে। একটি লাইক, একটি ভোট হিসেবে মূল্যায়িত হবে এবং সর্বোচ্চ লাইকেরভিত্তিতে সেরা স্যাপ নির্বাচিত হবে। আগামী ৩০ আগস্ট বিকাল তিনটা পর্যন্ত লাইক দেওয়া যাবে।

ইয়ুথ এন্ডিং হাঙ্গার রাজশাহী সিটি ইউনিটের অ্যাকটিভ সিটিজেনস ইয়ুথ লিডারদের একটি সোশ্যাল অ্যাকশন প্রজেক্ট (স্যাপ) “Reproductive Health Awareness”। সামাজিক উদ্যোগটি মূলত কাজ করে রাজশাহী শহরের প্রান্তিক জনগোষ্ঠীর বয়ঃসন্ধীকালীন কিশোরীদের প্রজনন স্বাস্থ্যসেবা সম্পর্কে সচেতনতা তৈরির জন্য। করোনাভাইরাস সংক্রমণের ফলে দেশে বিদ্যমান অবস্থায় অধিকাংশ পরিবার কর্মহীন হয়ে পড়েছে।

খোঁজ নিয়ে জানা যায় যে, শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত বিভিন্ন নিম্নআয়ের অনেক পরিবার কিশোরী মেয়েদের প্রজনন স্বাস্থ্য সুরক্ষা সামগ্রীর ক্রয়ক্ষমতা হারিয়েছে। কিশোরীদের এই দুর্যোগপূর্ণ সময়ে প্রজনন স্বাস্থ্য এবং তা সম্পর্কিত সুরক্ষা যেনো বিঘ্নিত না হয় সেজন্য বিগত দুই মাসে এই তরুণ স্বেচ্ছাব্রতী নেতারা তাদের কাছে প্রয়োজনীয় প্রজনন স্বাস্থ্যসুরক্ষা সামগ্রী পৌঁছে দেওয়ার উদ্যোগ গ্রহণ করেন।

এই সামাজিক উদ্যোগকে বেগবান রাখতে ‘ব্যালকনি’ নামে আরেকটি সৃজনশীল উদ্যোগ গ্রহণ করা হয়। যেখানে পরিবেশ সুরক্ষায় ইয়ুথ লিডাররা বিভিন্ন গাছের চারা সুলভ মূল্যে মানুষের কাছে পৌঁছে দিচ্ছেন। চারা বিক্রির মাধ্যমে অর্জিত লাভের অর্থ দিয়ে উপার্জনহীন হয়ে পড়া পরিবারের কিশোরীদের প্রজনন স্বাস্থ্যসেবার জন্য প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করছেন।

‘ব্যালকনি’র উদ্যোগে এখন পর্যন্ত ৫৬ জন মানুষের কাছে বিভিন্ন গাছের চারা পৌঁছে দিয়েছেন রাজশাহীর প্রতিশ্রুতিশীল স্বেচ্ছাব্রতী তরুণরা। তাদের এই কার্যক্রমে অনুপ্রাণিত হয়ে অনেকে নিজেদের চারা দিয়ে সহায়তা প্রদান করেছেন। গাছের চারা পৌঁছে দিয়ে পাওয়া শুভেচ্ছা মূল্য থেকে এখন পর্যন্ত ৩০ জন আদিবাসী কিশোরীসহ ২০০ জন কিশোরীকে তাদের প্রয়োজনীয় প্রজননকালীন সুরক্ষাসামগ্রী পৌঁছে দেওয়া হয়েছে। ব্যালকনির কার্যক্রমে পাঁচজন ইয়ুথ লিডার নিয়মিত কাজ করছেন ও ২০ জন ইয়ুথ লিডার এবং ইয়ুথ এন্ডিং হাঙ্গার রাজশাহী অঞ্চলের উপদেষ্টামণ্ডলী পেছন থেকে সহায়তা করছেন। উৎসাহ-অনুপ্রেরণা দিয়ে সহায়তা করেছে দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ ও ব্রিটিশ কাউন্সিল। এছাড়া হাসিন এগ্রো নামে একটি নার্সারি সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে। এই কার্যক্রমের স্বীকৃতি হিসেবে ব্রিটিশ

কাউন্সিল বাংলাদেশের লাইভ প্রোগ্রামে অংশগ্রহণের মাধ্যমে ‘ব্যালকনি’ সম্পর্কে তুলে ধরার সুযোগ হয়েছে। পাশাপাশি এই ব্যতিক্রমী কার্যক্রমের খবর ব্রিটিশ কাউন্সিল বাংলাদেশের অফিসিয়াল পেজে, ইয়ুথ এন্ডি হাঙ্গারের ইনিউজলেটার ‘তারুণ্য বার্তা’, ‘অনুপ্রেরণা’সহ বিভিন্ন অনলাইন প্রকাশনায় প্রকাশিত হয়েছে।

রাজশাহীর তরুণদের এই উদ্যোগ নূরে ফজিলাতুন নেসা লাবণীর নেতৃত্বে দৃঢ় প্রত্যয় নিয়ে এগিয়ে যাচ্ছে। একটি সৃজনশীল ও মানবিক উদ্যোগ হিসেবে ‘ব্যালকনি ইতোমধ্যে অনেকের প্রশংসা কুড়িয়েছে।

উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাছিমা আক্তার জলি
সম্পাদক: শাশ্বত বরণ রায়, আমজাদ হোসেন রাজিব
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ
সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ

yeh.bd@thp.org
yeh.thpbd.org | thpbd.org
facebook.com/YEHBD
হেরাল্ডিক হাইটস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)
ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা -১২০৭।
ফোন: ৯১৩-০৪৭৯, ৯১২-২০৮৬